বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড শাখা
২৫ নিউ ইস্কাটন,ঢাকা-১০০০
www.ocei.gov.bd

**নম্বর:** ২৭.০১.০০০০.০০০.০০৪.০১.০০০২.২৫.৫১

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর জন্য অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি প্রসঙ্গে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত ১৪তম ব্যাচের বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স গ্রহণে আগ্রহী সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে e-service.ocei.gov.bd ওয়েব এড্রেস ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অনলাইন ব্যতিত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

**বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ** (ক) ট্রেড লাইসেন্স এর কপি; (খ) ভ্যাট রেজিট্রেশন সার্টিফিকেটের কপি; (গ) টি আই এন সার্টিফিকেটের কপি; (ঘ) মালিক বা ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি; (ঙ) বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানে নিয়োজিত আছে মর্মে সুপারভাইজার লাইসেন্সপ্রাপ্ত একজন বৈদ্যুতিক সুপারভাইজার এর ঘোষণাপত্র / অনলাইনে সম্মতি; (চ) ফি প্রদান সম্পর্কিত ট্রেজারী চালানের মূল কপি, (ছ) টেস্টিং যন্ত্রপাতি (আর্থ টেস্টার, ইনসুলেশন টেস্টার এবং ক্লিপ-অন-এ্যাম্পিয়ার মিটার) ক্রয়ের রশিদ।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়ঃ**

| | | |
|---|---|---|
| **রেজিষ্ট্রেশন পদ্ধতি** | ক) | প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে e-service.ocei.gov.bd লিংকে প্রবেশ করুন। |
| | খ) | Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| | গ) | মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন। |
| **লগইন** | ঘ) | User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন। |
| | ঙ) | Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন। |
| | চ) | Login বাটনে ক্লিক করুন। |
| **এপ্লিকেশন পদ্ধতি** | ছ) | Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্খিত এপ্লিকেশন ঠিকাদারী লাইসেন্স এপ্লিকেশন এ ক্লিক করুন । |
| | জ) | আবেদনের নিয়মাবলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন। |
| | ঝ) | যে ফরমটি পাবেন তাতে আপনার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্যবলি সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন এবং ট্রেড লাইসেন্সের কপি, আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সংযুক্ত করুন। |
| | ঞ) | **I hereby declare** এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন। |
| **ফি প্রদান পদ্ধতি** | ট) | (১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে ১-৫৬৩১-০০০০-১৮৫৪ কোডে অথবা এ চালান/ ই চালানের এর জন্য প্রাতিষ্ঠানিক কোড ১৫৬০২০১১৩২৪৮৪ এবং অর্থনৈতিক কোড ১৪২২১৯৯- অন্যান্য লাইসেন্স ফি খাতে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি/পিডিএফ কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি/পিডিএফ কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন। |
| | | (২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন। |
| **ফাইনাল সাবমিশন** | ঠ) | পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে "Final Submit" বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে "Final Submit"বাটনে ক্লিক করার পূর্বেই "EDIT" বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না । সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submited দেখাবে। Dashboard এর List এ Application Status "Submitted" দেখাবে । |

২। সাক্ষাৎকারের তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক বৈধ আবেদনকারীe-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্র, ট্রেড লাইসেন্স, BIN, TIN, নিয়োজিত বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স, ট্রোজারী চালান, টেষ্টিং যন্ত্রপাতি ক্রয়ের রশিদ (সকল মূলকপিসহ) এবং টেষ্টিং যন্ত্রপাতিতে প্রতিষ্ঠানের নাম ও জেলা খোদাই করতঃ বোর্ড সভায় সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।

৩। প্রার্থী যে মাসে আবেদন করবেন সেই মাসেরই জমাকৃত চালান আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। পূর্ববর্তী যে কোন মাসের জমাকৃত চালান পরবর্তী মাসের আবেদনপত্রের সঙ্গে দাখিল করলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

৪। আবেদকারীর আবেদন যাচাই বাছাই করার সময় বাতিল হলে/ পরীক্ষার সময় অনুপস্থিত হলে/ পরীক্ষা অনুত্তীর্ণ হলে উক্ত আবেদনের সঙ্গে দাখিলকৃত চালান পরবর্তী আবেদনের সময় দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে অর্থাৎ একবার জমাকৃত ও ব্যবহৃত চালান পুনরায় ব্যবহার যোগ্য নয়।

৫। যে সকল প্রার্থী পূর্বে রেজিষ্টেশন করেছেন তাদেরকে পুণরায় রেজিষ্টেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।

৬। Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৭। অসম্পূর্ণ/অসত্য তথ্যযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.ocei.gov.bd হতে পাওয়া যাবে।

২৯-০৯-২০২৫
প্রকৌঃ মোঃ আতোয়ার রহমান মোল্লা
সদস্য সচিব

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। ম্যানেজার (বিজ্ঞাপন) মানবজমিন, জেনিথ টাওয়ার, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। ম্যানেজার (বিজ্ঞাপন) দৈনিক দিনকাল, ৪৪১/১, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।